গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নীলফামারী সদর, নীলফামারী।
www.nilphamarisadar.nilphamari.gov.bd

নম্বর-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৭.০৫৯.২৬.৩৬৭

তারিখঃ ১৫ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ / ২৮ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

## "বাংলা ১৪৩৩ সনের জন্য সরকারি হাট-বাজার ইজারার পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ আলোকে এবং জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারীর ১৫ এপ্রিল ২০২৬ তারিখের ০৫.৪৭.৭৩০০.০০০.০১১.৩৪.০০৯৯.১৭.১০৭ নং স্মারকের নির্দেশনা মোতাবেক নীলফামারী সদর উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে অবস্থিত ইজারা বিহীন নিম্নবর্ণিত ১৫টি হাট-বাজার বাংলা ১৪৩৩ সালে পুনঃ দরপত্র ইজারা কার্যক্রম সম্পন্ন হওয়ার সময় হতে ৩০ শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল এবং শর্তসমূহ বিজ্ঞপ্তিতে উল্লিখিত দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন জেলা প্রশাসক, নীলফামারী মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ সহকারী কমিশনার(ভূমি), নীলফামারী সদর, নীলফামারী, সোনালী ব্যাংক, নীলফামারী শাখা, নীলফামারী, নীলফামারী থানা (পুলিশ স্টেশন) হতে নির্ধারিত মূল্যে (সিডিউল মূল্য, যা অফেরতযোগ্য) সংগ্রহ করা যাবে এবং নির্ধারিত তারিখে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী, এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। একই দিন দুপুর ৩.০০ ঘটিকায় দরপত্র দরদাতাদের উপস্থিতে ( যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা ও বাছাই করা হবে।

ইজারা বিহীন হাট-বাজারগুলি ইজারার জন্য গৃহীত কোন দরপত্র অনুমোদিত না হলে বিধি মোতাবেক খাস আদায় করা হবে।

| ক্রমিক | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | বাংলা ১৪৩৩ সনের সরকারি মূল্য | দরপত্রের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | পোড়ার হাট | গোড়গ্রাম | ১২৪৭২২.০০ | ১০০০/- | বর্তমানে উক্ত হাট-বাজারসমূহ খাস আদায় চলমান থাকায় " হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ এর ৬(৯) ধারার বর্ণিত নির্দেশনার আলোকে ইজারা কার্যক্রম সম্পন্ন হওয়ার পর সংশ্লিষ্ট হাটের দখল ইজারাদার বরাবর হস্তান্তরের অব্যবহিত পূর্ব পর্যন্ত যতটি হাট খাস আদায় হবে সে কয়টি হাটের অর্থ আনুপাতিক হারে ইজারাগ্রহীতা কতৃক দাখিলকৃত ইজারামূল্য হতে বাদ দিয়ে বাকি টাকা আদায়যোগ্য হবে। |
| ০২ | মোনাগঞ্জ হাট | | ৯৩৮৩.০০ | ৫০০/- | |
| ০৩ | টুপামারী হাট | টুপামারী | ৫৭৯৫৩.০০ | ৫০০/- | |
| ০৪ | বাহালীপাড়া কাছারী | রামনগর | ১৭২৮৫.০০ | ৫০০/- | |
| ০৫ | দুহুলী হাট | কচুকাটা | ২০০৫.০০ | ৫০০/- | |
| ০৬ | পঞ্চপুকুর হাট | পঞ্চপুকুর | ৪০৪৭১৩.০০ | ১,৬০০/- | |
| ০৭ | কুঠির বাজার | ইটাখোলা | ৬৭৩.০০ | ৫০০/- | |
| ০৮ | কালারডাংগা হাট | | ২৫৮৪.০০ | ৫০০/- | |
| ০৯ | ফুলতলা হাট | কুন্দপুকুর | ৭২১০.০০ | ৫০০/- | |
| ১০ | চাকলে কাজীর হাট | সোনারায় | ২৪৮০.০০ | ৫০০/- | |
| ১১ | কাজীর হাট | সংগলশী | ৪৩৮২৭.০০ | ৫০০/- | |
| ১২ | চড়াইখোলা হাট | চড়াইখোলা | ২৯২২.০০ | ৫০০/- | |
| ১৩ | নগর দারোয়ানী | | ৪৯০৫৬.০০ | ৫০০/- | |
| ১৪ | বাবড়ীঝাড় | | ৯৮০৩৫.০০ | ৫০০/- | |
| ১৫ | আকালুগঞ্জ হাট | লক্ষীচাপ | ৮৭৩.০০ | ৫০০/- | |

দরপত্র দাখিলের তারিখ:

| ক্রমিক নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র দাখিলের সময় | দরপত্র বক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ০১ | ১৭/০৫/২০২৬ | ১৮/০৫/২০২৬ | সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত | তারিখঃ ১৮/০৫/২০২৬<br>সময়ঃ দুপুর ০৩.০০ ঘটিকা |

### বাংলা ১৪৩৩ সনের হাট-বাজার ইজারার শর্তাবলী ঃ

০১। বাংলা ১৪৩৩ সনের ৩০শে চৈত্র পর্যন্ত মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সঙ্গে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার,নীলফামারী সদর এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে, অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৮০% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। সিডিউল/দরপত্রের সাথে দরদাতার পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।

০৫। দরপত্রের সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। একদফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

চলমান-০২

CS CamScanner

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ)পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্টাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন এবং একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৩। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ের হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬। চুক্তি পত্রের যেকোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৮.০৪.২০২৬

মুবাশ্বিরা আমাতুল্লাহ
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর-০২৫৮৭৭৪২০১
e-mail: unonilphamari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নীলফামারী সদর, নীলফামারী।
www.nilphamarisadar.nilphamari.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৭.০৫৯.২৬. ৩৬৭/১(৮০)৬৫

১৫ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৩। জেলা প্রশাসক, নীলফামারী
০৪। পুলিশ সুপার, নীলফামারী
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী
০৭। উপজেলা নির্বাহী অফিসার, ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর, নীলফামারী
০৮। সহকারী কমিশনার (ভূমি), নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর, নীলফামারী
০৯। উপজেলা..........................................................কর্মকর্তা (সকল), নীলফামারী সদর, নীলফামারী
১০। অফিসার ইনচার্জ, নীলফামারী থানা/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর,নীলফামারী
১১। চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ (সকল), নীলফামারী সদর, নীলফামারী, তাকে ঢোলসহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
১২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নীলফামারী সদর, নীলফামারী, তাকে বিজ্ঞপ্তিটি এ উপজেলার ওয়েবপোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,......................................ইউনিয়ন ভূমি অফিস (সকল), নীলফামারী সদর, নীলফামারী, তাকে ঢোলসহরতের মাধ্যমে সংশ্লিষ্ট হাটে বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করে বিনা ব্যর্থতায় প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো
১৪। ইউপি সচিব,........................................ইউনিয়ন পরিষদ (সকল), নীলফামারী সদর, নীলফামারী, তাকে ঢোলসহরতের মাধ্যমে সংশ্লিষ্ট হাটে বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করে বিনা ব্যর্থতায় প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো
১৫। সভাপতি/সম্পাদক, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, নীলফামারী
১৬। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, নীলফামারী
১৭। জনাব ..........................................................., ইজারাদার, ............................... হাট, নীলফামারী সদর, নীলফামারী
১৮। অফিস কপি/নোটিশ বোর্ড।

২৮.০৪.২০২৬

উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।

CamScanner